# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৮

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৬. ইলম উঠে যাওয়া সম্পর্কে

## بَابٌ فِي ذَهَابِ الْعِلْمِ

আরবী

أَخْبَرَنَا مَالِكُ بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا مَسْعُودُ بْنُ سَعْدٍ الْجُعْفِيُّ، عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رُبَيِّعَةَ، عَنْ سَلْمَانَ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: " لَا يَزَالُ النَّاسُ بِخَيْرٍ مَا بَقِيَ الْأَوَّلُ حَتَّى يَتَعَلَّمَ ـ أَوْ يُعَلِّمَ ـ الْآخِرَ، فَإِذا هَلَكَ الْأَوَّلُ قَبْلَ أَنْ يُعَلِّمَ ـ أَوْ يَتَعَلَّمَ ـ الْآخِرُ، هَلَكَ النَّاسُ

إسناده ضعيف مسعود بن سعد متأخر السماع من عطاء

বাংলা

২৪৮. আব্দুল্লাহ ইবনু রুবাইয়্যিআহ থেকে বর্ণিত, সালমান রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, লোকেরা ততদিন পর্যন্ত কল্যাণের মধ্যে থাকবে যতদিন প্রথম যুগের লোকেরা (সাহাবীগণ) তাদের মাঝে থাকবেন এবং পরবর্তী লোকেরা ইলম শিক্ষা করতে থাকবে, অথবা শিক্ষা দিতে থাকবে। তারপর যখন পরবর্তীগণ ইলম শিক্ষা পাওয়া - কিংবা শেখার পূর্বেই পূর্ববর্তীরা মৃত্যুবরণ করবে, তখনই লোকেরা ধ্বংস হবে।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ; এতে ইনকিতা বা বিচ্ছিন্নতা রয়েছে। মাসউদ ইবনু সা’দ আতা থেকে কিছু শোনা থেকে পিছিয়ে রয়েছে।

তাখরীজ: আহমদ, আয যুহদ পৃ: ১৫১ তে অপর সনদে। এর রাবীগণ নির্ভরযোগ্য হলেও এতেও ইনকিতা রয়েছে। সামনেও নং ২৫৫ তে এটি বর্ণিত হয়েছে অপর সনদে। এ সমস্ত সনদ মিলিয়ে আছারটি হাসান পর্যায়ে পৌঁছে যায়।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69559

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন